



সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২০-২১ অর্থবছরের চতুর্থ সভার কার্যবিবরণী

সভাপতি	ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব
সভার তারিখ	১৭.০২.২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ০৩.০০টা
স্থান	Zoom Online Platform
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ আলোচ্য সূচি-১: সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ;

১.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর প্রতিটি কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রম ১২.১ অনুযায়ী ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা ১৫.০২.২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় উপস্থিত সবাই একমত প্রকাশ করেন। এছাড়াও মার্চ ২০২১ এর মধ্যে উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ০১(এক) দিনের একটি কর্মশালা/সেমিনার, উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২(দুই) দিনের একটি প্রশিক্ষণের আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়।

১.২ সিদ্ধান্ত:

ক) সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহ স্ব স্ব অফিসের ২০২০-২১ অর্থবছরে ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন ১৫.০২.২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করা। সম্পন্নকৃত ডিজিটাল সেবা তথ্য স্ব স্ব অফিসের ওয়েবসাইটের “অভ্যন্তরীণ ই-সেবাসমূহ” অংশে প্রকাশ করাসহ সেবাগ্রহীতাদের নিকট ডিজিটাল সেবার তথ্য প্রচারের ব্যবস্থা গ্রহণ করা।

খ) মার্চ ২০২১ এর মধ্যে উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ০১(এক) দিনের একটি কর্মশালা/সেমিনার, উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২(দুই) দিনের একটি প্রশিক্ষণের আয়োজন সম্পন্ন করা।

২.০ আলোচ্য সূচি-২: সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ওয়েবসাইট আপলোড/আপডেট পর্যালোচনা;

২.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ওয়েবসাইটের বিভিন্ন গুরুত্বপূর্ণ অংশ যেমন: নোটিশ বোর্ড, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, সেবা বক্স, কর্মকর্তাবৃন্দের তথ্য, বিভিন্ন বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য, ইনোভেশন কর্ণার ইত্যাদি নিয়মিত হালনাগাদ করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখার ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের ৯৫ নং স্মারকমূল এবং ১৭ ডিসেম্বর ২০২০ তারিখের ১৫৬ নং স্মারকমূলে প্রেরিত পত্রের নির্দেশনা অনুযায়ী স্ব স্ব অফিসের ওয়েবসাইটের ০৫টি সেবা বক্স হালনাগাদ

করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

২.২ সিদ্ধান্ত:

ক) সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের আইসিটি সংশ্লিষ্ট কর্মকর্তা স্ব স্ব অফিসের ওয়েবসাইটের বিভিন্ন গুরুত্বপূর্ণ অংশ যেমন: নোটিশ বোর্ড, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, সেবা বক্স, কর্মকর্তাবৃন্দের তথ্য, বিভিন্ন বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য, ইনোভেশন কর্ণার ইত্যাদির তথ্য নিয়মিত হালনাগাদকরণ নিশ্চিত করবে। স্ব স্ব অফিসের উর্ধ্বতন কর্তৃপক্ষ বিষয়টি মনিটরিং করবে।

খ) মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখার ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের ৯৫ স্মারকমূল এবং ১৭ ডিসেম্বর ২০২০ তারিখের ১৫৬ নং স্মারকমূলে প্রেরিত পত্রের নির্দেশনা অনুযায়ী স্ব স্ব অফিসের ওয়েবসাইটের ০৫টি সেবা বক্স অতি দ্রুত সময়ের মধ্যে হালনাগাদ সম্পন্ন করা।

৩.০ আলোচ্য সূচি-৩: বিবিধ।

৩.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রমের প্রমাণক সংরক্ষণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩.২ সিদ্ধান্ত:

ক) এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহ স্ব স্ব অফিসের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রমের প্রমাণক সংরক্ষণ করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.২৬

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৭

২২ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) জনাব মো: মনিরুজ্জামান, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) জনাব নিপু হালদার, সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর প্রশাসনিক কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আবদুল কাদির
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)